

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৮৫২

৬/ স্বলাত (নামায)

পরিচ্ছেদঃ নফল নামাযের ফ্যীলত

## আরবী

عَن رَبِيعَةَ بْنِ كَعْبِ الأَسْلَمِيُّ قَالَ كُنْتُ أَبِيتُ مَعَ رَسُولِ اللهِ عَلَيْ فَأَتَيْتُهُ بِوَضُولِهِ وَحَاجَتِهِ فَقَالَ لِى سَلْ فَقُلْتُ أَسْأَلُكَ مُرَافَقَتَكَ فِى الْجَنَّةِ قَالَ أَوَغَيْرَ ذَلِكَ قُلْتُ هُوَ ذَاك قَالَ فَأَعَنى عَلَى نَفْسِكَ بِكَثْرَةِ السُّجُودِ

## বাংলা

(৮৫২) রবীআহ বিন কা'ব আসলামী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে রাত্রিবাস করতাম এবং তাঁর ওযুর পানি ও অন্যান্য প্রয়োজনীয় জিনিস হাজির করে দিতাম। একদা তিনি আমাকে বললেন, তুমি আমার নিকট কিছু চাও। আমি বললাম, আমি জাল্লাতে আপনার সংসর্গ চাই। তিনি বললেন, এ ছাড়া আর কিছু? আমি বললাম, ওটাই (আমার বাসনা)। তিনি বললেন, তাহলে অধিক অধিক সিজদা করে (নফল নামায পড়ে) এ ব্যাপারে আমার সহায়তা কর।

## ফুটনোট

(মুসলিম ১১২২, আবু দাউদ ১৩২২, নাসাঈ ১১৩৮, প্রমুখ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ রবী'আহ্ ইবনু কা'ব আল আসালামী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন